# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 05-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এন ডি এ'র সরকার গঠনের ব্যাপক তৎপরতা/ আট জুন সাংসদদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক/

(২) নতুনদিল্লিতে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ'র বৈঠক সম্পন্ন/ বৈঠকে আসাম থেকে রাজ্যের মন্ত্রী অতুল বরা এবং বি টি আর প্রধান প্রমোদ বড়োর অংশগ্রহণ/

(৩) লোকসভা নির্বাচনের ফলাফলের পর নতুনদিল্লিতে আই এন ডি আই মিত্রজোটের সরকার গঠনের কৌশল সম্পর্কে আলোচনা/

এবং

(৪) সমগ্র আসামের সঙ্গে বরাক উপত্যকায়ও বিশ্ব পরিবেশ দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন/

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের ফলাফলের পর এন ডি এ এবং আই এন ডি আই মিত্রজোটের সরকার গঠনকে নিয়ে জল্পনা কল্পনা অব্যাহত রয়েছে । এই

সম্পর্কে আলোচনার জন্য এন ডি এ’র মিত্রদল সমূহের একটি গুরুত্বপূর্ণ বৈঠক নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনে কিছুসময় পূর্বে সম্পন্ন হয়েছে । এই বৈঠকে বিজেপি সহ মিত্রজোটের দলগুলির শীর্ষনেতারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয়বারের জন্য সরকার গঠনের পরিকল্পনা করেছেন । মিত্রদলগুলি এইক্ষেত্রে সহমতে উপনীত হয়েছে বলে জানা গেছে । এই বৈঠকে দুঃস্থ, মহিলা, যুবা, কৃষক ও অবহেলিত শ্রেণীর জন্যে কাজ করে যাবার বিষয়ে এন ডি এ নেতারা সঙ্কল্প গ্রহণ করেছেন ।

বৈঠকে তেলেগু দেশম পার্টির প্রধান চন্দ্রবাবু নাইডু, জনতা দল ইউনাইটেড’এর প্রধান ও বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার, লোকজনশক্তি দল-রামবিলাস পাশোয়ান গোষ্ঠীর প্রধান চিরাগ পাশোয়ান সহ অন্যান্য মিত্রদলের নেতাদের সঙ্গে বিজেপির উচ্চস্তরীয় নেতারাও অংশ নিয়েছেন ।

এই বৈঠকে আসাম থেকে মন্ত্রী অতুল বরা এবং বি টি আর প্রধান প্রমোদ বড়ো অংশ নেন । বৈঠকে অংশগ্রহণ করার পর মন্ত্রী শ্রী বরা এবং শ্রী বড়ো বলেন যে- প্রধানমন্ত্রী শ্রী মোদীর নেতৃত্বে দল এই ফলাফলে উপনীত হয়েছে । শ্রী বড়ো বলেন যে- ইউ পি পি এল’এর প্রথম সাংসদ এইবার নির্বাচিত হয়েছেন। এবং জনসাধারণের সমস্যা সমাধানের জন্য তারা কাজ করে যাবেন । তারা একইসঙ্গে আসামের জনসাধারণকে ধন্যবাদ জ্ঞাপন করেন । এই বৈঠক সম্পর্কে নতুনদিল্লি থেকে সাংবাদিক সিদ্ধার্থ ভট্টাচার্য এই খবর জানিয়েছেন ।

আজ সন্ধ্যায় আই এন ডি এ মিত্রজোটের নেতারা নতুনদিল্লিতে কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খার্গের বাসভবনে মিলিত হয়েছেন । তারাও নতুন সরকার গঠনের কৌশল সম্পর্কে আলোচনা করবেন ।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছেন । শ্রী মোদী কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সদস্যদের সঙ্গে নিজের পদত্যাগ পত্র দাখিল করেন । সেই অনুসারে সপ্তদশ লোকসভার মন্ত্রীসভা আজ ভঙ্গ হয়ে যায় । শ্রীমতি মুর্মু কেন্দ্রীয় মন্ত্রীপরিষদের সকল সদস্যকে নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত কার্যভার চালিয়ে যাবার আহ্বান জানান । প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের সঙ্গেও

সাক্ষাৎ করেন । আগামী আট জুন প্রধানমন্ত্রী শ্রী মোদী সাংসদদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন ।

এদিকে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু আজ বিদায়ী মন্ত্রীসভার সদস্যদের সম্মানার্থে রাষ্ট্রপতি ভবনে এক নৈশভোজের আয়োজন করেছেন ।

অন্যদিকে নরেন্দ্র মোদীর সরকারী বাসভবনে আজ কেন্দ্রীয় মন্ত্রীসভার অন্তিম বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- বিগত দশ বছরে সরকার জনসাধারণের জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে । এই ধারা পরবর্তী সময়েও অব্যাহত থাকবে বলে তিনি মন্তব্য করেন । জয়-পরাজয় রাজনীতির একটি অংশ বলে তিনি উল্লেখ করেন । বিগত দশ বছরে কেন্দ্রীয় মন্ত্রীরা তাদের সেরাটুকু উজাড় করে কাজ করেছেন বলে মন্তব্য করে তিনি তাদের ধন্যবাদ জানান । প্রধানমন্ত্রীর পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, নীতিন গাডকারি, রাজনাথ সিং, সর্বানন্দ সনোয়াল সহ অন্যান্য ক্যাবিনেট মন্ত্রীরাও উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য- ২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার ২৯২ টি আসনে জয়লাভ করেছে। বিজেপি একাই ২৪০টি আসন পেয়ে সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে পরিগণিত হয়েছে । তেলেগু দেশম ১৬টি এবং জে ডি ইউ বারোটি আসন দখল করেছে । এদিকে আই এন ডি আই মিত্রজোট ২৩৩ টি আসন লাভ করেছে । এবং অন্যান্যরা আরো ১৮ টি আসনে জয়লাভ করেছে । কংগ্রেস ৯৯ টি আসনে জয়ী হয়েছে এবং সমাজবাদী পার্টি ৩৭ টি, তৃণমূল কংগ্রেস ২৯ টি ও ডি এম কে ২২ টি আসনে জয়ী হয়েছে ।

---

ভারতীয় জনতা পার্টী লোকসভা নির্বাচনে আসামে ৯ টি আসন দখল করায় বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন । আজ গুয়াহাটির বাজপেয়ী ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী কলিতা বিজেপি মিত্রজোঁটের অন্যান্য রাজনৈতিক দলগুলোর প্রতিও ধন্যবাদ জ্ঞাপন করেন ।তিনি বলেন যে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি ১০০ ’র বেশী আসন লাভ করার লক্ষ্যে অবতীর্ণ হবে ।কেন্দ্রে সরকার গঠন

হওয়ার পর রাজ্যের ৫ টি বিধানসভা আসনের উপনির্বাচন সম্পর্কে আলোচনা করা হবে বলে জানান ।

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা নির্বাচনের ফলাফল ঘোষণার পর রাজ্যবাসীকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।আশানুরূপ আসন লাভ না করলেও এই নির্বাচনে কংগ্রেসের নৈতিক জয় হয়েছে বলে শ্রী বরা মন্তব্য করেন ।২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপিকে প্রতিহত করার জন্য তিনি আঞ্চলিক দলসমুহকে বিরোধি ঐক্যমঞ্চে যোগদান করার আহ্বান জানান ।

যোরহাট লোকসভা আসনের নবনির্বাচিত সাংসদ গৌরব গগৈ আজ মাজুলীর জনসাধারণ ও দলীয় নেতা কর্মীদের ধন্যবাদ জানান ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা লোকসভা নির্বাচন এবং ভোট গনণা সুষ্টভাবে সম্পন্ন হওয়ার জন্য নির্বাচন এবং গণনার সঙ্গে যুক্ত সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন । কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়া গণনা প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন । জেলা আয়ুক্ত শ্রী ঝা শিলচর লোকসভা আসনে বিজয়ী প্রার্থী পরিমল শুক্লবৈদ্যকেও শুভেচ্ছা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

রাষ্ট্রীয় যোগ্যতা তথা প্রবেশ পরীক্ষা অর্থাৎ এন ই ই টি'র ফলাফল আজ ঘোষণা করা হয়েছে । এই অনুসারে উত্তর পূর্বাঞ্চলের ৩৭ হাজার ৬৬৭ জন পরীক্ষার্থী যোগ্যতা অর্জন করেছে । এইবছর রাজস্থানের ১১ জন পরীক্ষার্থী একশো শতাংশ নম্বর লাভ করে শীর্ষস্থানে রয়েছে ।

---------------------------------------------------------------------------

আজ বিশ্ব পরিবেশ দিবস ।পরিবেশ সম্পর্কে সচেতনতা গড়ে তোলা তথা পরিবেশ সম্পর্কীত সমস্যাগুলো সমাধান করার জন্য তাৎক্ষণিকভাবে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ ই জুন এই দিবস পালন করা হয় ।রাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভা ১৯৭২ সালে মানব পরিবেশ সম্পর্কীত বিষয় নিয়ে আয়োজিত ষ্টকহোম কনফারেন্সে বিশ্ব পরিবেশ দিবস পালন করার পদক্ষেপ

গ্রহণ করেছিল ।এর একবছর পর অর্থাৎ ১৯৭৩ সালে প্রথম এই দিবস পালন করা হয় ।পরিবেশ সম্পর্কে সচেতনতা সৃষ্টি , কার্যকরী প্রকল্প গ্রহণ করা সহ এই বিষয়ে বৈশ্বিক সহযোগিতাকে উৎসাহ যোগানো হচ্ছে এই দিবসের মূল উদ্দেশ্য ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজকের দিনটিতে জনসাধারণকে একটি উন্নত এবং সবুজ পৃথিবী গড়ে তোলার জন্য সামুহিক প্রয়াস চালানোর আহ্বান জানান ।জলবায়ু পরিবর্তন জীবন ধারণ প্রক্রিয়ার ওপর বিশেষ করে পিছিয়েপড়া শ্রেণীর ওপর অধিক প্রভাব ফেলছে বলে তিনি মন্তব্য করেন ।
উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় জনসাধারণকে এই দিবসের শুভেচ্ছা জানিয়ে বলেন যে মানবতা এবং প্রকৃতির মধ্যে সম্প্রিতী হচ্ছে বহনক্ষম জীবনের মূল ভীত ।তিনি বলেন যে সভ্যতার নিয়ম নীতি আমাদেরকে প্রকৃতির সঙ্গে সামঞ্জস্য রেখে বেঁচে থাকার পথ দেখায় ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এই দিবস উপলক্ষে নতুনদিল্লীর বুদ্ধজয়ন্তী উদ্যানে এক 'পের মা কে নাম' কার্যসূচীর অধীনে গাছের চারা রোপন করেন ।
আসামেও আজ বৃক্ষ রোপন , সচেতনতা সভা , র‍্যালি ইত্যাদি বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হয় ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়েছে ।এ উপলক্ষে আজ কাছাড় জেলার বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান , স্কুল কলেজ ,ইত্যাদিতে বৃক্ষ রোপন , সচেতনতা সভা ইত্যাদির আয়োজন করা হয় ।
শিলচর রাধামাধব কলেজের লাইব্রেরী বিভাগ এবং মহিলা সেলের যৌথ উদ্যোগে আজ কলেজের পার্শ্ববর্তী রাধামাধব নিম্ন প্রাথমিক বিদ্যালয়ে বৃক্ষ রোপন কার্য্যসূচী পালন করা হয়েছে । স্বেচ্ছাসেবী সংগঠন রবিন হুড আর্মির সদস্যরাও এতে অংশগ্রহন করেন ।

কাছাড় জেলার শ্রীকোনা বরাক সেবা কেন্দ্রের উদ্যোগে আজ শ্রীকোনা শনিমন্দির , নিউ কলোনি প্রাথমিক বিদ্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বৃক্ষ রোপন করা হয়েছে ।
পি এন বি আর সেটির কাছাড়ের পক্ষ থেকে আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে আর সেটি কার্য্যলয় থেকে একটি শোভা যাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে । পরে এই দিবস উপলক্ষ্যে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ে আজ নানা কার্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ পালন করা হয় । কলেজ অধ্যক্ষ ডক্টর জয়শ্রী চক্রবর্তী প্রদীপ প্রজ্বোলন করে অনুষ্ঠানের সূচনা করেন । পরে এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় বিশিষ্ট অতিথি ডক্টর শ্যামল প্রসাদ চৌধুরী পরিবেশ দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে বক্তব্য রাখেন । এছাড়া বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে আন্ত:কলেজ কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় ।

এদিকে করিমগঞ্জ জেলার বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন , সরকারী-বেসরকারী স্কুল কলেজের উদ্যোগেও আজ বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি বন সংমন্ডলের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংগঠন দ্যা গ্রীনস-এর সহযোগীতায় আজ বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সরকারী কার্য্যলয় , বিদ্যালয় এবং রাজপথে গাছের চারা রোপন করা হয়েছে । এছাড়া হাইলাকান্দি খন্ড উন্নয়ন কার্য্যলয় ও  হর কিশোর হাইস্কুলে প্রায় ১৫০টি বিভিন্ন গাছের চারা লাগানো হয়েছে । এই কার্য্যসূচিতে বন বিভাগের কর্মী ,আধিকারীকদের সঙ্গে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাও অংশগ্রহন করে । স্বেচ্ছাসেবী সংগঠন দ্যা গ্রীনসের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা , কবিতা প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে ।

লায়ন্স ক্লাব অব লালা এবং লালা বন বিভাগের যৌথ উদ্যোগে আজ লালা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বৃক্ষ রোপন , গাছের চারা বিতরন  , বসে

আঁকো প্রতিযোগীতা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়া বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায়ও আজ বন ও স্বাস্থ্য বিভাগ সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় ।কার্যসূচীর মধ্যে রয়েছে পরিবেশ এবং প্লাষ্টিক প্রদূষন নিয়ে সচেতনতা সভা , বৃক্ষ রোপন ও সংরক্ষন ইত্যাদি ।

---------------------------------------------------------------------------

শিলচরের নাগরিক স্বার্থ রক্ষা সংগ্রাম পরিষদ , মার্চ ফর সায়েন্সের শিলচর চ্যাপ্টার এবং হাসপাতাল রোড মার্চেন্ট এসোসিয়েশনের যৌথ উদ্যোগে শিলচর শহরের ভাঙ্গা সড়ক সংস্কারের দাবীতে দুপুর ১২টায় বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে পরিষদের সাধারন সম্পাদক হরিদাস দত্ত , অধ্যাপক অজয় রায় , সমাজ কর্মী কমল চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------